



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

www.iau.edu.bd iauins13@gmail.com



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৪৯/২০১৮/ ২০৬২৮

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

নয়াটোলা এইউএন মডেল কামিল মাদরাসা, রমনা, ঢাকা-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর ও কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ১১-০৫-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিশ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ১১-০৫-২০২৬ থেকে ১০-০৫-২০৩০ ও কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ ০১-০৭-২০২৬ থেকে ৩০-০৬-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. অ্যাকাডেমিক কার্যক্রম আরও ত্বরান্বিত করার পাশাপাশি সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং ক্লাসে শিক্ষার্থীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করাসহ শ্রেণিকক্ষে মূল কিতাব পড়াতে হবে;
২. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব প্রদানের পাশাপাশি বৎসরে কমপক্ষে ০৩ (তিন) বার অভিভাবক সমাবেশ করতে হবে;
৩. আর্থিক নিরীক্ষা কমিটি গঠনপূর্বক যাবতীয় লেনদেন ব্যাংকের মাধ্যমে যথাযথ প্রক্রিয়ায় সম্পাদন করতে হবে এবং সকল রেজিস্টার সঠিকভাবে সংরক্ষণের পাশাপাশি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সকল আইন ও বিধি-বিধান মেনে চলতে হবে;
৪. আইসিটি শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে এবং লাইব্রেরিতে বইয়ের সংখ্যা বৃদ্ধিসহ আধুনিক ও সমৃদ্ধ লাইব্রেরি প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;
৫. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: শিক্ষার মানোন্নয়ন ও প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের সাথে সুনির্দিষ্ট বিষয়ের ওপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে;
৬. আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব (আরবি ও ইংরেজি) চালু করতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
৭. মাদরাসার হোস্টেল ব্যবস্থা আরও আধুনিকায়ন করতে হবে এবং হোস্টেলের শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের নিরাপত্তাসহ মানসম্মত খাবারের ব্যবস্থা করতে হবে;
৮. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, বাজেট কমিটি, ক্রম কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি ও শৃংখলা কমিটি গঠন করতে হবে এবং মাদরাসায় কম্পিউটার ল্যাব স্থাপন, ডিজিটাল হাজিরা (শিক্ষক-শিক্ষার্থী), সিসি টিভির ব্যবস্থাসহ ক্লাসে শিক্ষার্থীদের ড্রেস কোড ও আইডি কার্ডের ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে;
৯. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একাটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেব্রাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, হাদিস মুখস্থ চর্চা, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১০. সময় সময় দেয়ালিকা প্রকাশসহ মাদরাসার খালি জায়গায় এবং বাড়ির আড়িনায় বৃক্ষরোপনের জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে এবং আধুনিক ও সমৃদ্ধ লাইব্রেরি প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার পাশাপাশি মাদরাসার সকল অ্যালামনাইদের নাম-ঠিকানা-কর্মস্থল-মোবাইল নম্বরসহ একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করতে হবে;
১১. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, নয়াটোলা এইউএন মডেল কামিল মাদরাসা, রমনা, ঢাকা

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-১৪৯/২০১৮/ ২০৬২৮

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩
০৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, নয়াটোলা এইউএন মডেল কামিল মাদরাসা, রমনা, ঢাকা।
৭. অফিস নথি।

(সোমা আক্তার)
০৭.১০.২০২৬

সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৬৭৯৮৬৮৬৬৩